

দক্ষিণ ২৪ পরগণা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি  
মুখ্য স্বাস্থ্য আধিকারিকের করণ  
ড্র. আর. বাসুর হসপিটাল কমপ্লেক্স (তয় তল)  
টালিগঞ্জ, কলকাতা-৩৩

মেমো নম্বর : CMOH/CSPO/1205

তারিখ: ১৭.০২.১৮

বিজ্ঞপ্তি

রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন -এর ২৭.০৬.২০১২ তারিখের, পত্রনম্বর : HFW/NRHM-20/2006/(Part II)/1631এর আদেশনামা অনুযায়ী দক্ষিণ ২৪ পরগণা জেলার তিনটি মহকুমার (আলিপুর, বারুই পুর ও ক্যানিং) অন্তর্গত বিভিন্ন ব্লকের নিম্নলিখিত উপস্বাস্থ্যকেন্দ্রের (পার্শ্বে উল্লেখিত স্থানের) ASHA নিয়োগের উদ্দেশ্যে ঐ এলাকার অন্তর্গত গ্রামগুলিতে মহিলা প্রার্থীদের কাছ থেকে উক্ত পদের জন্য নির্দিষ্ট আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

শর্তাবলী :-

- ১) কেবলমাত্র বিবাহিতা / বিধবা / আদালত কর্তৃক ডিক্রিমুলে বিবাহ বিচ্ছিন্না মহিলাই আবেদন করতে পারেন।
  - ২) আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের/ স্থানের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমাণ স্বরূপ সাম্প্রতিক তালিকা অনুসারে প্রার্থীকে তার **EPIC ও রেশনকার্ড** - এর প্রত্যায়িত নকল অবশ্যই জমা দিতে হবে।
  - ৩) সাধারণ প্রার্থীর বয়স ০১ /০১ /২০১৮ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশিলী জাতি, তপশিলী উপজাতিভুক্ত প্রার্থীদের বয়ঃসীমা ঐ তারিখে ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।
  - ৪) প্রার্থীকে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় অবতীর্ণ হতে হবে, মাধ্যমিক বা সমতুল্য অনুত্তীর্ণ প্রার্থীরা ও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরা ও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন, এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বরই বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চশিক্ষার কোন মূল্যায়ন বিবেচনার সুবিধা থাকবে না।
  - ৫) গ্রেড ওয়ান এবং গ্রেড টু, স্বনির্ভর গোষ্ঠীর সদস্য, প্রশিক্ষণ প্রাপ্ত দাই, লিংক ওয়ার্কারগন সকলেই বিভাগীয় শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার বিবেচনায় যোগ্য হবেন।
  - ৬) সাবসেন্টার সন্নিহিত গ্রাম সমূহের (সারণী দ্রষ্টব্য) ২০০১ সালের জনগণনা তথ্য প্রক্ষেপণ করে তপশিলী জাতি / উপজাতি অধ্যুষিতরূপে ঘোষিত ক্ষেত্রে, তপশিলী জাতি ও উপজাতি শংসাপত্র দাখিল করা সংরক্ষনের ক্ষেত্রে বিবেচিত হবেন।
  - ৭) আবেদনকারীর সঙ্গে যে সকল প্রমাণপত্রের প্রত্যায়িত প্রতিলিপি জমা করতে হবে :-
    - ক) জন্ম তারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড।
    - খ) এলাকার বাসিন্দা হিসাবে ভোটার পরিচয়পত্র (EPIC) ও রেশনকার্ড।
    - গ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতিগত প্রমাণপত্র (তপশিলী জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর জাতির ক্ষেত্রে)।
    - ঘ) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মার্কশীট।
    - ঙ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া গ্রেড ১ ও গ্রেড ২ স্বনির্ভর গোষ্ঠীভুক্ত সদস্য/ প্রশিক্ষণ প্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কার প্রমাণপত্র।  
(প্রযোজ্যহলে)
  - ৮) প্রার্থীর স্বাক্ষরসহ ২ কপি পাসপোর্ট সাইজ ফটো।
  - ৯) ৫ টাকা ডাক টিকিট সহ নিজ ঠিকানা লেখা খাম।
  - ১০) সাম্প্রতিক ভোটার তালিকার বর্তমান অংশ নং, ক্রমিক নং - এর প্রত্যায়িত নকল।।
- শংসাপত্র গুলির মধ্যে যে কোনো একটি আবেদন পত্রের সঙ্গে যুক্ত না থাকলে আবেদনপত্র বাতিল করা হবে। নিয়োগের পূর্বে প্রার্থীকে অবশ্যই [ক থেকে গ] তে উল্লেখিত প্রমাণ পত্রগুলির আসল দেখাতে হবে।
- ৮) উপরিউক্ত শর্তপূরণকারী প্রার্থীদের ইন্টারভিউ এর তারিখ, সময় ও স্থান উল্লেখিত পত্র যোগ্য প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হবে।
  - ৯) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন খারিজ হবে এবং পরবর্তীকালে অনুরোধ -উপরোধ গ্রাহ্য করা হবে না।



১০) আবেদনপত্র জমা দেওয়ার স্থান :- সংশ্লিষ্ট মহকুমা আধিকারিকের করণ (ঃ. ব্রস ডি. ও.) অফিসে।

মহকুমা শাসকের কার্যালয় :

১) আলিপুর সদর মহকুমা :

মহকুমা শাসক,  
আলিপুর সদর, নিউ ট্রেজারী ভবন,  
৪য় তল, পিন-৭০০০২৭

২) বারুইপুর মহকুমা :

মহকুমা শাসক,  
বারুইপুর, জেলা পরিষদ ভবন,  
৪য় তল, পিন-৭০০১৪৪

৩) ক্যানিং মহকুমা :

মহকুমা শাসক,  
গ্রাম + পোস্ট - ক্যানিং ,  
জেলা-দক্ষিণ ২৪ পরগণা  
৩য় তল, পিন-৭৪৩৩২৯

১১) আবেদনপত্রজমা দেবার শেষ তারিখ : ১৬ / ০৩ / ২০১৮ বিকেল ৪ (চার) টা অবধি।

১২) প্রার্থীকে অবশ্যই স্পীড পোস্ট /রেজিস্টার পোস্ট মাধ্যমে আবেদন পত্র মহকুমা শাসকের কার্যালয়ে উল্লেখিত সময়সীমার মধ্যে জমা দিতে হবে ।

আবেদন পত্রটি সংযোজনী - ১ এবং ব্লকভিত্তিক ASHA-দের শূন্যপদের তালিকা সংযোজনী - ২ তে উল্লেখিত হল।

*S. Mukherjee* 19/02/18  
সম্পাদক, জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি,  
ও মুখ্য স্বাস্থ্য আধিকারিক, দক্ষিণ ২৪ পরগণা

অবগতির জন্য নিম্নলিখিত করণে প্রেরিত হল:- CMOH(৫৪৫)/1205 dt- 19.02.18

- ১) শ্রী শোভন চ্যাটার্জী, চেয়ারম্যান , ASHA রিক্রুটমেন্ট কমিটি, দক্ষিণ ২৪ পরগণা
- ২) মাননীয় সভাপতি, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ, দক্ষিণ ২৪ পরগণা ।
- ৩) জেলা শাসক, দক্ষিণ ২৪ পরগণা ।
- ৪) অতিরিক্ত জেলা শাসক (স্বাস্থ্য), দক্ষিণ ২৪ পরগণা ।
- ৫-৭) মহকুমা শাসক, আলিপুর, বারুই পুর ও ক্যানিং, দক্ষিণ ২৪ পরগণা ।
- ৮) ডি. আই .ও, এন.আই.সি, দক্ষিণ ২৪ পরগণা - ওফিসিয়াল ওয়েব সাইট এ আপলোড করার জন্য প্রেরণ করা হল।
- ৯) ডি. পি. ও. (আই সি ডি এস), দক্ষিণ ২৪ পরগণা ।
- ১০) ডি. পি. এইচ. এন. ও, দক্ষিণ ২৪ পরগণা ।
- ১১-২৬) সমষ্টি উন্নয়ন আধিকারিক, ..... দক্ষিণ ২৪ পরগণা ।
- ২৭-৪২) ব্লক স্বাস্থ্য আধিকারিক, ..... দক্ষিণ ২৪ পরগণা ।
- ৪৩) শ্রী সৌরভ ঘোষ, আই টি - কো-অডিনেটর, স্বাস্থ্যভবন, সল্টলেক, কোলকাতা - ৭০০০৯১ -ওফিসিয়াল ওয়েবসাইট এ আপলোড করার জন্য প্রেরণ করা হল।

*S. Mukherjee* 19/02/18  
সম্পাদক, জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি,  
ও মুখ্য স্বাস্থ্য আধিকারিক, দক্ষিণ ২৪ পরগণা

For Office Use Only Received On...../..... / 18 Index No..... Roll No.....		<div style="border: 1px solid black; width: 150px; height: 30px; margin-bottom: 5px;"></div> মহকুমা প্রতিঃ মহকুমা শাসক, ----- মহকুমা এতদ্বারা নিম্ন বিবৃত বিশদ ও সংলগ্নীকৃত নথিসহ আমার আবেদন দাখিল করছি		পাসপোর্ট মাপের সাম্প্রতিক প্রার্থীর স্বাক্ষরসহ রঙীন ছবি আঠা দিয়ে লাগান। (পিন/স্টেপল /সেলাই করবেন না)	
আবেদনকারীর নাম :		ব্লকের নাম :		গ্রাম পঞ্চায়েতের নাম :	
স্বামী :-			পিতা:-		
সাধারণ বসবাসের ঠিকানা		গ্রাম :-		পোস্ট:-	
		থানা :-		জেলা:-	
যোগাযোগ টেলিফোন নং		Mobile:-		উপস্বাস্থ্যকেন্দ্র :-	
বৈবাহিক স্থিতি :-		বিবাহিত	বিবাহ বিচ্ছিন্ন	বিধবা	
সাবসেন্টার হতে বসবাস ঠিকানার হাঁটাপথ দূরত্ব :-			কি.মি. :-		
নির্বাচক সচিত্র পরিচয়পত্র নং		SC/ST/ OBC Certificate নং (প্রযোজ্য হলে)		Ration Card নং	
০১/০১/২০১৮ তারিখে ভোটার লিস্ট অনুসারে				অংশ নং	ক্রমিক নং
আবেদনকারীর					
বিবাহিতার জীবিত স্বামীর					
বিধবার পিতা					
বিবাহ বিচ্ছিন্নার পিতার					
<b>মাধ্যমিক বা সমতুল পরীক্ষার বিশদ বিবরণ</b> (অতিরিক্ত বিষয় ছাড়া):-					
পরীক্ষার নাম	বোর্ড	পরীক্ষার বসার বৎসর	মোট নম্বর	প্রাপ্তনম্বর	শতকরা (%)
<b>স্ব-প্রত্যায়িত নকল গ্রথিত</b>					
১) অ্যাডমিট কার্ডের জন্য সাম্প্রতিক প্রার্থীর স্বাক্ষর সহ রঙীন পাসপোর্ট ছবি ।					
২) ৫টাকা ডাক টিকিট সহ নিজ ঠিকানা লেখা খাম ।					
৩) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট /বয়সের প্রমাণ ।					
৪) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কসীট ।					
৫) EPIC Card, Ration Card.					
৬) SC/ST/OBC শংসাপত্র (প্রযোজ্যহলে) ।					
৭) স্ব-নির্ভরগোষ্ঠী / প্রশিক্ষনপ্রাপ্তদাই এবং লিংকওয়ার্কার এর শংসাপত্র ।					
৮) সাম্প্রতিক ভোটার তালিকার বর্তমান অংশ নং, ক্রমিক নং - এর প্রত্যায়িত নকল ।					
<b>ঘোষণা</b>					
আমি পূর্ণ জ্ঞান ও বিশ্বাস সহ ঘোষণা করছি যে, উপরি বর্ণিত তথ্যাদির প্রমাণ নথি মূল সত্য । কোন তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমাণিত হলে আমি দায়ী থাকব । আমি কোন অসাধু প্রভাব খাটানোর চেষ্টা করলে কর্তৃপক্ষ আমার প্রার্থী পদ খারিজ করে দিতে পারেন ।					
স্থান ও তারিখ :		_____ আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর			




